

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৮৩৫

অর্থপূর্ণ নাম রাখা এবং কদর্য নাম পরিবর্তন

পরিচ্ছেদঃ ৩৬৬- কেউ নিজ সংগীকে তার নাম সংক্ষিপ্ত করে ডাকতে পারে।

بَابُ مَنْ دَعَا صَاحِبَهُ فَيَخْتَصِرُ وَيَنْقُصُ مِنَ اسْمِهِ شَيْئًا

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عُقْبَةَ، قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ الْيَشْكُرِيُّ الْبَصْرِيُّ قَالَ: حَدَّتَنْ يَجَدَّتِي أُمُّ كُلْثُومٍ بِنْتُ ثُمَامَةَ، أَنَّهَا قَدِمَتْ حَاجَّةً، فَإِنَّ أَخَاهَا الْمُخَارِقَ بْنَ ثُمَامَةَ قَالَ: الْخُلِي عَلَى عَائِشَةَ، وَسَلِيهَا عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ، فَإِنَّ النَّاسَ قَدْ أَكْثُرُوا فِيهِ عِنْدَنَا، الْخُلِي عَلَى عَلَيْهَا فَقُلْتُ: بَعْضُ بَنِيكِ يُقْرِئُكِ السَّلاَمَ، وَيَسْأَلُكِ عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ، قَالَتْ: وَعَلَيْهِ السَّلاَمُ وَرَحْمَةُ اللهِ، قَالَتْ: أَمَّا أَنَا فَأَشْهَدُ عَلَى أَنِي رَأَيْتُ عُثْمَانَ فِي هَذَا الْبَيْتِ فِي لَيْلَةٍ قَائِظَةٍ، وَنَبِيُّ اللهِ صلى الله عليه وسلم وَجِبْرِيلُ يُوحِي إِلَيْهِ، وَالنَّبِيُّ صلى الله عليه وسلم وَجِبْرِيلُ يُوحِي إِلَيْهِ، وَالنَّبِيُّ صلى الله عليه وسلم وَجِبْرِيلُ يُوحِي إِلَيْهِ، وَالنَّبِيُّ صلى الله عليه وسلم يَضْرِبُ كَفَّ، أَوْ كَتِفَ، ابْنِ عَفَّانَ بِيَدِهِ: اكْتُبْ، عُثُمُ، فَمَا كَانَ اللَّهُ يُنْزِلُ الله عليه وسلم يَضْرِبُ كَفَّ، أَوْ كَتِفَ، ابْنِ عَفَّانَ بِيَدِهِ: اكْتُبْ، عُثُمُ، فَمَا كَانَ اللَّهُ يُنْزِلُ الْمَنْزِلَةَ مِنْ نَبِيّهِ صلى الله عليه وسلم إلاَّ رَجُلاً عَلَيْهِ كَرِيمًا، فَمَنْ سَبَّ ابْنَ عَفَّانَ فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ.

বাংলা

৮৩৫। উন্মে কুলসুম বিনতে ছুমামা (রহঃ) থেকে বর্ণিত। তিনি হজ্জ উপলক্ষে (বসরা থেকে মদীনা) আসেন। তার ভাই মুখারিক ইবনে ছুমামা (রহঃ) বলেন, আপনি আয়েশা (রাঃ) এর নিকট উপস্থিত হয়ে তাকে উসমান ইবনে আফফান (রাঃ) সম্পর্কে জিজ্ঞেস করুন। কেননা বহু লোক তার সম্পর্কে আমাদের কাছে নানা কথা বলে। উন্মে কুলসুম (রহঃ) বলেন, আমি তার নিকট উপস্থিত হয়ে বললাম, আপনার কোন এক সন্তান আপনাকে সালাম জানিয়েছে এবং উসমান ইবনে আফফান (রাঃ) সম্পর্কে আপনাকে জিজ্ঞেস করেছে। তিনি বলেন, ওয়া আলাইহিস সালাম ওয়া রহমাতুল্লাহ (তার উপর শান্তি এবং আল্লাহর রহমত বর্ষিত হোক)। তিনি বলেন, শোনো! আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি উসমান (রাঃ) এবং আল্লাহর নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে এই ঘরের মধ্যেই এই গরমের রাতে একত্রে দেখেছি। জিবরীল (আঃ) তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ওহী নাযিল করেন। পরে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম উসমান (রাঃ)-এর হাতে অথবা কাঁধের উপর চপেটাঘাত করে বলেনঃ লিখে নাও হে উসম! আল্লাহ তাআলা কারো প্রতি সদয় না হলে তার নবীর পক্ষ থেকে এমন মর্যাদা তাকে



দেন না। সুতরাং যে উসমান (রাঃ) কে গালি দেয় তার প্রতি আল্লাহর গযব। (আহমাদ)

English

Umm Kulthum, the daughter of Thumama, related that she went out to answer a call of nature,. Her brother, al-Makhariq ibn Thumama, said, "Go to 'A'isha and ask her about 'Uthman ibn 'Affan. People have said a lot about him. She said, "I went to her and said, 'One of your brothers sends you greetings and asks you about 'Uthman ibn 'Affan.' 'A'isha said, 'Peace be upon and the mercy of Allah.' 'A'isha then went on, 'I testify that I saw 'Uthman in this house one hot night when the Prophet, may Allah bless him and grant him peace, had received revelation through Jibril. The Prophet, may Allah bless him and grant him peace, struck the palm - or held the hand - of Ibn 'Affan, saying, 'Write, 'Uthma! Allah has placed in this house with His Prophet, may Allah bless him and grant him peace, only a man who is honoured with Him. If anyone curses Ibn 'Affan, the curse of Allah is on him.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন